

বঙ্গভবন ১১ মে ২০২৩:

ফুটেজ:

<https://we.tl/t-MCrMr7q7jy>

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল ।

দুপুরে বঙ্গভবনে সাক্ষাৎকালে নৌবাহিনী প্রধান নৌবাহিনীর সার্বিক কর্মকান্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

বাংলাদেশের সামুদ্রিক এলাকার নিরাপত্তা নিশ্চিত করতে নৌবাহিনীর গৃহীত নানা পদক্ষেপ তুলে ধরেন তিনি।

সামুদ্রিক এলাকায় **blue economy** -র সম্ভাবনা খুবই উজ্জ্বল উল্লেখ করে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেন দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এ সম্ভাবনাকে কাজে লাগাতে সামুদ্রিক এলাকার নিরাপত্তা নিশ্চিতের কোনো বিকল্প নেই। রাষ্ট্রপতি বলেন দেশের সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি নৌবাহিনীকে **blue economy** -র সম্ভাবনাকে কাজে লাগাতে নিরলস প্রয়াস চালাতে হবে ।

রাষ্ট্রপতি আশা করেন আগামীতে নৌবাহিনী দেশ ও জনগণের স্বার্থে দক্ষতা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করবে।

সাক্ষাৎকালে নৌবাহিনী প্রধান দায়িত্ব পালনে রাষ্ট্রপতির দিকনির্দেশনা ও সহযোগিতা কামনা করেন।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।